

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ যখন কোন মুসলিম ব্যক্তি মারা যায় তখন তিনি স্বস্তি পান আর কোন কাফির ব্যক্তি মারা, তখন তার অনিষ্ট
থেকে অন্যান্যা স্বস্তি পায়

ذِكْنُ الْإِخْبَارِ بِأَنَّ الْمُسْلِمَ إِذَا مَاتَ يَكُونُ مُستريحاً وَالْكَافِرَ مُسْتَراحاً مِنْهُ

আরবী

3001 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن مُحَمَّد بْنِ عَمْرِو بْنِ حَلْحَلَةَ عَنْ مَعْبَد بْنِ كَعْب بْنِ مَالِك عَنْ أَبِي قَتَادَةَ بْنِ رِبْعِي ّأَنَّهُ كَانَ يُحَدِّثُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُرَّ عَلَيْهِ بِجِنَازَةٍ فَقَالَ: ربْعِي ّأَنَّهُ كَانَ يُحَدِّثُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُرَّ عَلَيْهِ بِجِنَازَةٍ فَقَالَ: (مُسْتَرِيحٌ ومُسْتَراحٌ مِنْهُ) فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ مَنِ الْمُسْتَرِيحُ وَالْمُسْتَرَاحُ مِنْهُ؟ فَقَالَ: (الْعَبْدُ الْمُؤْمِنُ يَسْتَرِيحُ مِنْ نَصَب الدُّنْيَا وَأَذَاهَا إِلَى رَحْمَةِ اللَّهِ وَالْمُسْتَرَاحُ مِنْهُ الْعَبْدُ الْفَوْمِنُ يَستريح منه العباد والبلاد والشجر والدواب)

الراوي: أَبُو قَتَادَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3001 ا خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩০০১. আবূ কাতাদা বিন রিবঈ রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পাশ দিয়ে একটি জানাযা অতিক্রম করলে তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিজে স্বস্তি লাভকারী, অথবা তার থেকে অন্যরা স্বস্তি লাভকারী।"

সাহাবীগণ বলেন, "নিজে স্বস্তি লাভকারী, অথবা তার থেকে অন্যরা স্বস্তি লাভকারী" কারা?" তখন তিনি বলেন, "মুমিন বান্দা দুনিয়ার সমস্ত দুঃখ-কষ্ট ও বালা-মুসিবত থেকে স্বস্তি পেয়ে আল্লাহর রহমতের দিকে যায়, আর কাফির ব্যক্তি (তার অনিষ্ট) থেকে আল্লাহর বান্দাগণ, শহর-নগর, বৃক্ষরাজি, ও প্রাণীকুল স্বস্তি পায়।"[1]

ফুটনোট



[1] নাসাঈ: ৪/৪৮-৪৯; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৪১; সহীহুল বুখারী: ৬৫১২; সহীহু মুসলিম: ৯৫০; সুনান বাইহাকী: ৩/৩৭৯; বাগাবী: ১৪৫৩; মুসনাদ আহমাদ: ৫/২৯৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৭১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদা বিন রিবঈ (রা.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন